

‘এবং মহুয়া’-বিশ্ববিদ্যালয় মঞ্জুরী আয়োগ (U.G.C.- CARE List) অনুমোদিত
তালিকার অন্তর্ভুক্ত। ভারতীয় ভাষায় পত্রিকাক্রমিক নং-১৬, ১০১৯।

এবং মহুয়া

(বাংলা ভাষা, সাহিত্য ও গবেষণাধর্মী যাসিক পত্রিকা)

২১ অক্টোবর, ১১৫ সংখ্যা, ডিসেম্বর, ১০১৯

সম্পাদক
জ্ঞ. ঘদনামোহন বেৱা

কে.কে.প্রকাশন
গোলকুঁয়াচক, মোদিনীপুর, প.বঙ্গ।

শ্রীমন্তগবদ্ধীতায় আঘসংযম

ড. শান্তনু মণ্ডল

“আনন্দে ব্রহ্মোতি ব্যজানাথ । আনন্দাদ্যেব খন্দিমানি ভৃতানি জায়ন্তে । আনন্দেন
জাতানি জীবন্তি । আনন্দং প্রয়ন্ত্যভিসংবিশন্তীতি ।”

— আনন্দই ব্রহ্ম । আর আনন্দ থেকেই সকল প্রাণী জন্মলাভ করে এবং আনন্দের
দ্বারাই জীবিত থাকে, শেষে আনন্দেই বিলীন হয় । সুতরাং তেন্তিরীয়োপনিষদ্ অনুসারে
আনন্দ পরমাত্মারই অপর এক রূপ । আর পৃথিবীর সকল প্রাণীই ব্রহ্মের সেই আনন্দময়
রূপের সামান্যতম ছোঁয়াতেই বেঁচে থাকতে চায় । কেউ দুঃখ বিন্দুমাত্র চায় না । কিন্তু
ভোগাসন্ত মানুষ যখন এই আনন্দ লাভের একমাত্র উপকরণ হিসাবে জাগতিক ভোগ্যবস্তু
বা বিষয়কে বেছে নেয়, তখন তা আপাত আনন্দ দান করলেও তার পরিণাম অত্যন্ত
দুঃখকর হয়ে দাঁড়ায় ।^১ প্রকৃতপক্ষে ভোগস্পৃহা বা আসক্তিই সমন্ত প্রকার দুঃখের কারণ ।
আর এই দুঃখ থেকে মুক্তির একমাত্র উপায় হল আঘসংযম । আঘসংযম তখনই সন্তুষ্ট
যখন মানুষ নিজের ইন্দ্রিয়সমূহকে বশে রাখতে পারবেন বা আনন্দময় জীবন লাভ
করবেন । তখন মানুষ এই পার্থিব দুঃখকে অতিক্রম করে অনন্ত আনন্দময় জীবন লাভ
করবেন । শ্রীমন্তগবদ্ধীতায় ধর্ম ও দর্শন তত্ত্বের আলোচনা প্রসঙ্গে এই আঘসংযমকে
অবশ্য করণীয় রূপে স্থীকার করা হয়েছে, কারণ মানব জীবনের একমাত্র লক্ষ্যই হল
পরমপুরুষার্থ লাভ । আর তার পাথেয়ই হল আঘসংযম ।

মানব জীবনে পার্থিব ভোগস্পৃহাকে ত্যাগ না করলে পরমপুরুষার্থ লাভ সম্ভব
নয় । কারণ ভোগে মন কখনো তৃপ্ত হয় না । বরং মন আরো অতৃপ্ত হয়ে ওঠে । এক
কথায় বলা যায়, ভোগ কামনাকে বিনাশ করে না, বরং বাড়িয়ে দেয় । সুন্দরের প্রতিমূর্তি
ভগবান শ্রীকৃষ্ণ অর্জুনকে বারেবারে তা বুঝিয়েছেন । কিন্তু ভোগাসন্ত মানুষ তা বুঝতে
পারে না । ফলে এই আসক্তির কারণে ইন্দ্রিয় ধীরে ধীরে জীবাত্মাকে নিজের বশীভৃত
করে ফেলে । প্রকৃতপক্ষে, জীবাত্মা; বৃক্ষ, মন, ইন্দ্রিয় এবং শরীর এই সবগুলিকেই
নিয়ন্ত্রণ করতে পারে । গীতায় ভগবান শ্রীকৃষ্ণ এগুলির প্রাবল্যের একটি ক্রমও নির্দেশ
করেছেন । শরীর অপেক্ষা ইন্দ্রিয়, ইন্দ্রিয় অপেক্ষা মন, মন অপেক্ষা বৃক্ষ এবং বৃক্ষ
অপেক্ষা আত্মা বলবান —

ইন্দ্রিয়াণি পরাগ্যাত্মানিন্দ্রিয়েভ্যঃ পরং মনঃ ।

মনসন্ত পরা বৃক্ষীর্যো বৃক্ষেঃ পরতন্ত্র মঃ । । (১)